

ফাতওয়া নান্বার: ৪৪৫

প্রকাশকাল: ১৩-০২-২০২৪ ইং

শহীদের শরীরে অপবিত্র কিছু থাকলে করণীয়

প্রশ্নঃ

শহীদ ব্যক্তির শরীরে অপবিত্র কিছু থাকলে, তাকে কি গোসল দিতে হয়?

-মুহাম্মাদ উসমান

উত্তরঃ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الحمد لله وسلام على عباده الذين اصطفى أما بعد:

শহীদকে গোসল দেয়া হয় না, রক্তসহ দাফন করা হয়। উহদের দিন যাবা শহীদ হয়েছিলেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁদেরকে গোসল না দিয়ে রক্তসহ দাফন করতে আদেশ দেন।

সহীহ বুখারীতে এসেছে,

عن جابر، قال: قال النبي صلى الله عليه وسلم: "ادفنوهم في دماهم" - يعني يوم أحد - ولم يغسلهم. - صحيح البخاري (٢ / ٩١)، كتاب الجنائز، باب من لم ير غسل الشهداء، رقم الحديث: ١٣٤٦، ط. دار طوق النجاة .

“জাবের রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উহদের শহীদদের ব্যাপারে নির্দেশ দেন, ‘তাঁদেরকে রক্ত সমেত দাফন কর’ এবং তিনি তাঁদের গোসল দেননি।

” -সহীহ বুখারী: ২/৯১, হাদীস: ১৩৪৬

মুসনাদে আহমাদে এসেছে,

عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ: أَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، يَوْمَ أُحُدٍ بِالشُّهَدَاءِ أَنْ يُنَزَّعَ عَنْهُمْ الْحَدِيدُ وَالْجُلُودُ، وَقَالَ: "ادْفِنُوهُمْ بِدِمَائِهِمْ وَثِيَابِهِمْ". -مسند أحمد ط الرسالة (٤ / ٩٢): ٢٢١٧، قال المحققون: حسن لغيره. اهـ



“ইবনে আব্বাস রাযিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন: উহুদ যুদ্ধের দিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শহীদদের (শরীর) থেকে লোহা ও চামড়া (-এর পোশাক) খুলে ফেলার নির্দেশ দেন এবং বলেন, ‘তাদেরকে রক্ত ও (পরিহিত) কাপড় সমেত দাফন কর’।” -মুসনাদে আহমদ: ৪/৯২, হাদীস: ২২১৭

মুসনাদে আহমাদের আরেক বর্ণনায় এসেছে,

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ تَعْلَبَةَ بْنِ أَبِي صُعَيْرٍ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَشْرَفَ عَلَى قَتْلَى أُخْدٍ، فَقَالَ: "إِنِّي أَشْهَدُ عَلَى هَؤُلَاءِ، زَقَلُوهُمْ بِكُلُومِهِمْ وَدِمَائِهِمْ". - مسند أحمد ط الرسالة (٣٩ / ٦٤): ٢٣٦٥٩، قال المحققون: إسناده صحيح. اه

“রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উহুদের শহীদদের নিকট এসে বলেছেন, ‘নিশ্চয়ই এদের ব্যাপারে আমি সাক্ষ্য দিব। তাঁদেরকে যখম ও রক্ত সমেত ঢেকে দাও’।” -মুসনাদে আহমদ: ৩৯/৬৪, হাদীস: ২৩৬৫৯

তবে শহীদের শরীরে কিংবা কাপড়ে আপন রক্ত ব্যতীত অন্য কোনো নাপাক থাকলে শুধু সে অংশটা ধুয়ে ফেলতে হবে।

ইমাম সারাখসী রহিমাহুল্লাহ (৪৯০ হি.) বলেন,

"لو كان في ثوب الشهيد نجاسة تغسل تلك النجاسة ولا يغسل الدم عنه". -

المبسوط، باب حمل الجنابة: ٢ / ٩٠، ط. دار الكتب العلمية

“যদি শহীদের কাপড়ে নাপাক থাকে, তাহলে সেই নাপাক ধুয়ে ফেলতে হবে, কিন্তু তাঁর রক্ত ধোয়া হবে না।” -মাবসূত: ২/৯০

‘আহকামুশ শাহীদ ফিল ফিকহিল ইসলামী’ গ্রন্থে বলা হয়েছে,

أما إذا أصابت الشهيد نجاسة من غير دمه كروث وبول وغيرهما فإنها تزال عنه، لأن الآثار وردت في إبقاء دمه خاصة، وإن أدى ذلك إلى زوال بعض



دمه، لأن دفع المفسدة وهي غسل النجاسة، أولى من جلب المصلحة وهي إبقاء أثر العبادة. -أحكام الشهيد في الفقه الإسلامي. عبد الرحمن بن غرمان بن عبد الله، مكتبة دار البيان الحديثة (ص: ٢٥٤)

“শহীদের গায়ে তাঁর নিজের রক্ত ছাড়া অন্য কোনো নাপাক লাগলে- যেমন মল মূত্র বা অন্য কোনো নাপাক- তাহলে তা পরিষ্কার করতে হবে, যদিও এর সাথে তাঁর নিজের রক্ত কিছুটা ধুয়ে যায়। কেননা, হাদীস-আসারে শুধু তাঁর নিজের রক্ত পরিষ্কার না করার কথা এসেছে।” -আহকামুশ শাহীদ ফিল ফিকহিল ইসলামী: ২৫৪
কোন শহীদকে গোসল দেয়া হবে না আর কোন শহীদকে গোসল দেয়া হবে, জানতে দেখুন:

ফতোয়া নং [৩০০ শহীদের দুনিয়াবি বিধান কাদের ক্ষেত্রে প্রযোজ্য?](#)

ফতোয়া নং [১২৩ ক্রস ফায়ারে নিহত মুজাহিদ কি শহীদ?](#)

ফতোয়া নং [৩৫০ নিজের অস্ত্রে নিহত মুজাহিদের বিধান।](#)

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

০৬-০৭-১৪৪৫ হি.

২০-০১-২০২৪ ঈ.

